

আয়কর উপদেষ্টার কাজের পরিধি ও শর্তাবলী (ToR) নিম্নরূপ :

- ক) প্রতিবছর ব্যাংক কর্তৃক প্রস্তুতকৃত হিসাবের ভিত্তিতে প্রদেয় আয়কর নিরূপণ করা।
- খ) কর বছরের নিরীক্ষিত হিসাবের ভিত্তিতে ব্যাংক কর্তৃক প্রস্তুতকৃত সংশ্লিষ্ট কর বছরের আয়কর রিটার্নের সঠিকতা যাচাই করতঃ আয়কর আইন অনুযায়ী যথাসময়ে বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা বরাবরে রিটার্ন দাখিল নিশ্চিত করা।
- গ) সংশ্লিষ্ট কর বছরের আয়কর রিটার্ন দাখিলের পর ডিসিটি কর্তৃক আয়কর মামলার শুনানী ও নিষ্পত্তির লক্ষ্যে জারীকৃত নোটিশ/মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ব্যাখ্যা-বিশ্লেষণ ও তথ্য প্রমাণকসহ যথাসময়ে শুনানীতে অংশগ্রহণ করা।
- ঘ) ডিসিটি কর্তৃক জারীকৃত কর নির্ধারণী আদেশ সংগ্রহ করা, উক্ত আদেশ প্রাপ্তির পর যথাযথ Scrutiny করে বিজ্ঞ মতামত প্রদান এবং ব্যাংকের স্বার্থ বিবেচনায় ডিসিটির আদেশের বিরুদ্ধে প্রয়োজনে কর কমিশনার(আপীল) বরাবরে আপীল মামলা দায়েরের লক্ষ্যে আপীল আবেদন ও আপীল গ্রাউন্ডস তৈরী এবং আপীল গ্রাউন্ডস এর স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য প্রমাণক সংগ্রহ করা; আপীল শুনানীতে অংশগ্রহণের জন্য লিখিত বক্তব্য তৈরী ও শুনানীতে অংশগ্রহণ এবং এতদসংক্রান্ত অন্যান্য আনুসঙ্গিক কার্য সম্পাদন করা;
- ঙ) কর কমিশনার (আপীল) কর্তৃক জারীকৃত আদেশ ও উক্ত আদেশের প্রেক্ষিতে ডিসিটি কর্তৃক প্রণীত সংশোধিত কর নির্ধারণী আদেশ সংগ্রহ করা, উক্ত আদেশ প্রাপ্তির পর যথাযথভাবে Scrutiny করতঃ বিজ্ঞ মতামত প্রদান এবং ব্যাংকের স্বার্থ বিবেচনায় ন্যায় পাওনা আদায়ের লক্ষ্যে প্রয়োজনে কর আপীলাত ট্রাইবুনাল বরাবরে যথাসময়ে আপীল মামলা দায়ের করা। এ লক্ষ্যে কর কমিশনার (আপীল) ও ডিসিটি কর্তৃক জারীকৃত আদেশের সার্টিফাইড কপি সংগ্রহ করা, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৫৮(২) ধারা মোতাবেক ১০% প্রদেয় কর নিরূপণ করা; আপীল আবেদন, আপীল গ্রাউন্ডস তৈরীকরণ ও আপীল গ্রাউন্ডস এর পক্ষে প্রয়োজনীয় তথ্য প্রমাণক সংগ্রহ করা; শুনানীতে অংশগ্রহণের জন্য লিখিত বক্তব্য তৈরী ও শুনানীতে অংশগ্রহণ করা এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্য সম্পাদন;
- চ) কর আপীলাত ট্রাইবুনাল কর্তৃক জারীকৃত কর নির্ধারণী আদেশ ও উক্ত আদেশের প্রেক্ষিতে ডিসিটি কর্তৃক প্রণীত সংশোধিত কর নির্ধারণী আদেশ সংগ্রহ এবং যথাযথভাবে Scrutiny করে বিজ্ঞ মতামত প্রদান এবং তদানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ২) আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারা মোতাবেক আয়কর কর্তৃপক্ষ কর্তৃক মামলা রি-ওপেন/সংশোধিত আদেশ জারী করার জন্য নোটিশ জারী করা হলে শুনানীতে অংশগ্রহণের জন্য লিখিত বক্তব্য তৈরী ও শুনানীতে অংশগ্রহণ করা এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্য সম্পাদন;
- ক) যুগ্ম কর কমিশনার কর্তৃক জারীকৃত কর নির্ধারণী আদেশ সংগ্রহ করা, উক্ত আদেশ প্রাপ্তির পর যথাযথভাবে Scrutiny করে বিজ্ঞ মতামত প্রদান এবং ব্যাংকের স্বার্থ বিবেচনায় যুগ্ম কর কমিশনারের আদেশের বিরুদ্ধে কর কমিশনার (আপীল) বরাবরে আপীল মামলা দায়েরের লক্ষ্যে আপীল আবেদন ও আপীল গ্রাউন্ডস তৈরী এবং আপীল গ্রাউন্ডস এর স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য/প্রমাণক সংগ্রহ করা; শুনানীতে অংশগ্রহণের জন্য লিখিত বক্তব্য তৈরী ও শুনানীতে অংশগ্রহণ এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্য সম্পাদন;
- খ) কর কমিশনার (আপীল) কর্তৃক জারীকৃত আদেশ ও উক্ত আদেশের প্রেক্ষিতে ডিসিটি কর্তৃক প্রণীত সংশোধিত কর নির্ধারণী আদেশ সংগ্রহ করা, উক্ত আদেশ প্রাপ্তির পর যথাযথভাবে Scrutiny করে বিজ্ঞ মতামত প্রদান এবং ব্যাংকের স্বার্থ বিবেচনায় কর আপীলাত ট্রাইবুনাল বরাবরে যথাসময়ে আপীল মামলা দায়ের করা।
- এ লক্ষ্যে কর কমিশনার (আপীল) ও ডিসিটি কর্তৃক জারীকৃত আদেশের সার্টিফাইড কপি সংগ্রহ করা, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৫৮(২) ধারা মোতাবেক ১০% প্রদেয় কর নিরূপণ করা; আপীল আবেদন ও আপীল গ্রাউন্ডস তৈরী এবং আপীল গ্রাউন্ডস এর স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি, কাগজপত্রাদি সংগ্রহ করা; শুনানীতে অংশগ্রহণের জন্য লিখিত বক্তব্য তৈরী ও শুনানীতে অংশগ্রহণ এবং এতদসংক্রান্ত অন্যান্য কাজ;
- গ) কর আপীলাত ট্রাইবুনাল জারীকৃত কর নির্ধারণী আদেশ ও উক্ত আদেশের প্রেক্ষিতে ডিসিটি কর্তৃক প্রণীত সংশোধিত কর নির্ধারণী আদেশ সংগ্রহ করা, ব্যাংকের স্বার্থ বিবেচনা করে যথাযথভাবে Scrutiny করে বিজ্ঞ মতামত প্রদান এবং তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ৩) অন্যান্য কার্যাবলী :-
- ক) মহামান্য হাইকোর্টে রেফারেন্স আবেদন দাখিলের নিমিত্তে উপ কর কমিশনার, কর কমিশনার (আপীল) ও কর আপীলাত ট্রাইবুনাল কর্তৃক জারীকৃত কর নির্ধারণী আদেশের সার্টিফাইড কপি সংগ্রহ করা;
- খ) আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২১এ ধারা অনুযায়ী কর কমিশনার বরাবরে পুনঃবিবেচনা করার জন্য আবেদন সংক্রান্ত কার্যাবলী;
- গ) ব্যাংকের ফেরতযোগ্য কর নির্ধারণ ও আদায়/ সমন্বয় এবং আয়কর সমন্বয় সংক্রান্ত কার্যাবলী সম্পাদন;
- ঘ) অগ্রিম আয়কর পরিশোধ সংক্রান্ত কার্যাবলী;
- ঙ) কোন কর নির্ধারণী আদেশের হিসাবায়ন ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনের ব্যবস্থা গ্রহণ;
- চ) রিটার্নে যে সকল ব্যয় দাবী করা হয়েছে অথচ আয়কর কর্তৃপক্ষ তা অনুমোদন করেনি সেগুলো যাচাই করণ;
- ছ) কর্পোরেট আয়কর সংক্রান্ত বিষয়ে ব্যাংক কর্তৃক প্রণীত কোন ড্রাফট ভেটিং এবং চাহিদা মোতাবেক আইনগত মতামত প্রদান;
- জ) কর্পোরেট আয়কর সংক্রান্ত অন্যান্য সকল কার্যাবলী সম্পাদন;
- ৪) সার্বিক বিবেচনায় কোন সালের আয়কর মামলা **Alternative Dispute Resolution (ADR)** এ যাওয়ার প্রয়োজন হলে সে বিয়য়ে পরামর্শ প্রদান এবং প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা;
- ৫) ব্যাংকের স্বার্থ রক্ষার্থে আয়কর সংক্রান্ত বিভিন্ন বিষয়ে উপদেশ ও মতামত প্রদান এবং ব্যাংক কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে আয়কর সংক্রান্ত অন্যান্য বিবিধ কার্যাবলী সম্পাদন করা;

৬) কাজের মেয়াদ :

প্রাথমিকভাবে নিয়োগের মেয়াদ কাল ০৩(তিন) বছর হবে। পরবর্তীতে উভয় পক্ষের সম্মতিতে তা বৃদ্ধি করা যাবে।

